**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 21-08-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) বন্যা পরিস্থিতি মোকাবেলায় রাজ্য সরকার সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করেছে।**

**(২) আগামীকালও রাজ্যের সমস্ত সরকারি, বেসরকারি, শিক্ষা প্রতিষ্ঠানে ছুটি ঘোষণা করা হয়েছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ দুই দিনের সরকারি সফরে পোল্যান্ডের ওয়ারশ পৌঁছেছেন ।**

**(৪) রাজ্যভিত্তিক স্কুল জুডো প্রতিযোগিতার অনূর্ধ্ব ১৪ বালক এবং বালিকা বিভাগে উত্তর জেলা সাফল্য পেয়েছে ।**

*********************************************

**Flood-Tripura :**

রাজ্যে বন্যা পরিস্থিতি মোকাবেলায় রাজ্য সরকার সর্বাত্মক উদ্যোগ গ্রহণ করেছে। ডিজাস্টার ম্যানেজমেন্ট কর্তৃপক্ষ ও সবকটি জেলা প্রশাসন পরিস্থিতির উপর নজর রাখছে। আজ সন্ধ্যায় সরকারী সুত্রে জানা গেছে, এপর্যন্ত সারা রাজ্যে ৩৩০টি ত্রাণ শিবির খোলা হয়েছে। এগুলিতে ৩২ হাজার ৭৫০ জন মানুষ আশ্রয় নিয়েছে। প্রবল বর্ষণের কারণে বেশ কিছু স্থানে ধ্বস পড়ে রেল ও যানবাহন চলাচল বন্ধ হয়ে আছে। রাজ্যের বিস্তীর্ণ

অঞ্চলে ফসলের ব্যাপক ক্ষতি হয়েছে। ক্ষয়ক্ষতি নিরুপনের কাজ খুব শীঘ্রই শুরু হবে। ডিজাস্টার ম্যানেজমেন্ট কর্তৃপক্ষ জানিয়েছে, বন্যায় এ পর্যন্ত ১০ জনের মৃত্যু হয়েছে ও ১ জন নিখোঁজ। বন্যা পরিস্থিতি মোকাবেলায় ২৫০টিরও বেশি কুইক রেসপন্স টিম কাজ করছে। এতে রয়েছে এস.ডি.আর.এফ, এন.ডি.আর.এফ, সিভিল ডিফেন্স ও আপদা মিত্রের স্বেচ্ছাসেবী, অগ্নি নির্বাপক দপ্তর, বন, বিদ্যুৎ, PWD, কৃষি ও অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মচারীগণ। এদিকে, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা রাজ্যে অতিরিক্ত এন.ডি.আর.এফ টিম পাঠানোর জন্য আজ কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহকে অনুরোধ জানিয়েছেন।

*******************************

**Flood-Emergency Number :**

রাজ্যের বিভিন্ন স্থানে বন্যা পরিস্থিতি অব্যাহত রয়েছে। জলবন্দী মানুষদের উদ্ধার ও প্রয়োজনীয় সহায়তা দেওয়ার জন্য প্রশাসনের পক্ষ থেকে সর্বাত্মক উদ্যোগ নেওয়া হয়েছে। ত্রিপুরা ডিজাস্টার ম্যানেজমেন্ট কর্তৃপক্ষ আগরতলায় কন্ট্রোল রুম এবং প্রতিটি জেলার জেলাশাসক কার্যালয়ে District Emergency Operation Center চালু করেছে। ত্রিপুরার ডিজাস্টার রেসপন্স ইমার্জেন্সি অপারেশন সেন্টারে যোগাযোগের ফোন নাম্বার গুলি হল - ১০৭৭, ১০৭০,১১২, ০৩৮১ ২৪১ ৬০৪৫, ০৩৮১ ২৪১ ৬২৪১। জেলাশাসক কার্যালয়ে ইমারজেন্সি অপারেশন সেন্টার এর নম্বর গুলি হল, পশ্চিম জেলায় - ০৩৮১ ২৩২ ২৯৭১. উত্তর জেলায় - ০৩৮২২ ২৩৪ ৩৪৯, দক্ষিণ জেলায় - ০৩৮২৩ ২২২ ০৩৩, ধলাই জেলায়- ০৩৮২৬ ২৬৭ ২৬১. খোয়াই জেলায় ইমারজেন্সি অপারেশন সেন্টার এর নাম্বার হল -০৩৮২৫ ২২২ ০৩৩, সিপাহীজলা জেলায় - ০৩৮১ ২৮৬ ৭৩০৩. ঊনকোটি

জেলায় – ০৩৮২৪ ২২২ ৩৮৯, এবং গোমতী জেলায় – ০৩৮২১ ২২৬ ৫৫৮।

**************************

**Flood–Train service :**

প্রবল বর্ষণে রেল লাইনের উপর ধ্বস নামার কারণে স্থানীয় এবং দূরপাল্লার কিছু ট্রেন মাঝপথে আটকে পড়েছে। উদ্ভুত পরিস্থিতিতে এন.এফ রেলওয়ে কর্তৃপক্ষ বেশ কিছু ট্রেন বাতিল করেছে। উদয়পুরের গর্জির কাছে রেল লাইনের উপর আজ সকালে ভূমিধ্বসের ফলে সাব্রুম থেকে আগরতলাগামী ডেমো ট্রেনটি আটকে পড়েছে। এরফলে আগরতলা সাব্রুমগামী ৪টি ডেমো এবং সাব্রুম থেকে আগরতলা গামী ২টি ডেমো ট্রেন বাতিল করা হয়েছে। তাছাড়া আগামীকাল আগরতলা–সাব্রুম এবং সাব্রুম–আগরতলা ২টি ডেমো ট্রেন বাতিল করা হয়েছে। আজকের করিমগঞ্জ আগরতলা ডেমো ট্রেন এবং আগামীকালের আগরতলা করিমগঞ্জ ডেমো ট্রেন দুটিও বাতিল করা হয়েছে। জিরানিয়া তেলিয়ামুড়ার মধ্যবর্তী স্থানে রেল লাইনের উপর ধ্বস পরার ফলে আজকের ছয়টি ট্রেন বিভিন্ন স্টেশনে আটকে পড়েছে। এর মধ্যে আজকের শিলচর–আগরতলা এক্সপ্রেস, এবং শিলচরের অরুনাচল–আগরতলা ট্রেন ২টির যাত্রা কুমার□াটে স্থগিত রাখা হয়েছে। ধর্মনগর–আগরতলা প্যাসেঞ্জার ট্রেনটিকে তেলিয়ামুড়ায় স্থগিত রাখা হয়েছে। আগামীকালের সাব্রুম–শিয়ালদা কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস ধর্মনগর থেকে যাত্রা করবে।

**************************

**Flood–School :**

সারা রাজ্যে গত দু'দিনের ভারী বৃষ্টিপাতের ফলে বন্যা পরিস্থিতির জন্য আগামীকালও রাজ্যের সমস্ত সরকারি, বেসরকারি, সরকারি অনুদানপ্রাপ্ত ও টিটিএএডিসির অন্তর্ভুক্ত বিদ্যালয়, মাদ্রাসা এবং অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিতেও ছুটি ঘোষণা করা হয়েছে। সরকারী সূত্রে এখবর জানা গেছে।

****************************

**Closed university and colleges :**

ভারী বৃষ্টিপাতের জন্য আগামীকাল রাজ্যে সব সরকারি এবং বেসরকারি মহাবিদ্যালয়, বিশ্ববিদ্যালয় এবং জাতীয় আইন বিশ্ববিদ্যালয় বন্ধ রাখার জসিদ্ধান্ত নেওয়া হয়েছে। উচ্চ শিক্ষা দপ্তরের অধিকর্তা এ দেববর্মা আজ এখবর জানান।

***************************

**CM Indranagar IT Bhaban :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ ইন্দ্রনগরের ইন্টিগ্রেটেড কমান্ড কন্ট্রোল সিস্টেম ইউনিটে সিসিটিভির মাধ্যমে আগরতলা স্মার্ট সিটির বন্যা পরিস্থিতি পর্যবেক্ষণ করেন। বৃষ্টির জল কোথায় জমে আছে এবং সে ক্ষেত্রে কি কি ব্যবস্থা নেওয়া হচ্ছে সে সম্পর্কে খোঁজ খবর নেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন।

*******************************

**Nomination :**

রাজ্যসভার শূন্য আসনের উপ-নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য বিজেপি প্রার্থী রাজীব ভট্টাচার্য ও সিপিএম প্রার্থী সুধন দাস আজ মনোনয়ন পত্র জমা

দিয়েছেন। তারা আজ বিধানসভায় রিটার্নিং অফিসারের কাছে মনোনয়নপত্র দাখিল করেন।

****************************

**Flood-Unakoti :**

প্রবল বৃষ্টিপাতের জের ধরে ঊনকোটি জেলার দেও ও মনু নদীতে জলস্তর বৃদ্ধি পাবার কারণে নতুন নতুন এলাকা প্লাবিত হয়েছে। ফলে অনেক বন্যাদুর্গত মানুষ সরকারী ত্রান শিবিরে আশ্রয় নিয়েছেন। বিপর্যয় মোকাবিলা বিভাগের জেলা প্রোগ্রাম আধিকারিক শুভজিৎ নাথ জানান, শিলচর থেকে অতিরিক্ত একটি N.D.R.F ত্রিশজনের টিম ঊনকোটি জেলাতে এসেছে। কয়েকটি আধুনিক নৌকা উত্তর ও ধলাই জেলা থেকেও আনা হচ্ছে। সবমিলিয়ে উদ্ভুত পরিস্থিতি মোকাবেলায় প্রশাসন সক্রিয়তার সাথে কাজ করছে। সরকারী সূত্রে জানা গেছে, ঊনকোটি জেলাতে এখন পর্যন্ত ৫২টি ত্রান শিবির খোলা হয়েছে। মোট ৩ হাজার ৫৫টি পরিবারের ১০ হাজার ১০৭ জন বন্যাদুর্গত মানুষ আশ্রয় নিয়েছেন। এদিকে জলসম্পদ দপ্তর থেকে বিভিন্ন বন্যা নিরোধক বাঁধের সংস্কারের কাজ চলছে।

************************

**PM, Visit :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ দুই দিনের সরকারি সফরে পোল্যান্ডের ওয়ারশ পৌঁছেছেন। ওয়ারশ সামরিক বিমানবন্দরে তাকে উষ্ণ অভ্যর্থনা জানানো হয়। শ্রী মোদী জামসাহেব নবনগর স্মৃতিসৌধে এবং মন্টে ক্যাসিনো এবং কোলাপুর মেমোরিয়ালের যুদ্ধের স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করেন। যাত্রা করার আগে এক বিবৃতিতে, প্রধানমন্ত্রী বলেন যে পোল্যান্ড মধ্য ইউরোপের একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক অংশীদার। তিনি বলেন, গণতন্ত্র ও বহুত্ববাদের প্রতি ভারত ও

পোল্যান্ডের পারস্পরিক প্রতিশ্রুতি দুই দেশের মধ্যে সম্পর্ককে আরও শক্তিশালী করে। প্রধানমন্ত্রী বলেন, দুই দেশের কূটনৈতিক সম্পর্কের ৭০ বছর পূর্তি উপলক্ষে তার পোল্যান্ড সফর। প্রধানমন্ত্রী বলেন, অংশীদারিত্বকে আরও এগিয়ে নিতে তিনি তার বন্ধু প্রধানমন্ত্রী ডোনাল্ড টাস্ক এবং প্রেসিডেন্ট আন্দ্রেজ ডুদার সঙ্গে দেখা করার অপেক্ষায় রয়েছেন। তিনি পোল্যান্ডে ভারতীয় সম্প্রদায়ের সদস্যদের সঙ্গেও মিলিত হবেন।

**************************

**Biplab Kumar Deb :**

সাংসদ বিপ্লব কুমার দেব আজ জানিয়েছেন, বন্যা দুর্গত এলাকাগুলিতে ত্রাণ ও উদ্ধারকার্যে প্রশাসন যুদ্ধকালীন তৎপরতায় কাজ করছে। কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট মন্ত্রক ও রাজ্যের বর্তমান বন্যা পরিস্থিতির উপর নজর রেখে চলেছে। রাজ্য সরকার সমস্ত রকম দুর্যোগ মোকাবেলার জন্য সর্বোতভাবে প্রস্তুত রয়েছে।

**************************

**Flood-Sepahijala :**

সিপাহীজলা জেলার বন্যা পরিস্থিতি অপরিবর্তিত রয়েছে। বিশালগড় মহকুমার হরিশনগর চা বাগান এলাকায় আগরতলা-সাব্রুম জাতীয় সড়কের একটি বড় অংশ ধসে যায়। প্রশাসন তৎপরতার সঙ্গে এই এলাকারই পুরনো একটি রাস্তা সংস্কার করে গাড়ি চলাচল স্বাভাবিক করে। তাছাড়া জাতীয় সড়কের সিপাহীজলা অভয়ারণ্য সংলগ্ন স্থানে গাছ ভেঙে পড়ে, বিশ্রামগঞ্জ থেকে সোনামুড়া ও বিশলাগড় থেকে বক্সনগর সড়কের একাধিক স্থানে ভূমি-ধ্বসে খবর পাওয়া গেছে। সোনামুড়ার মহকুমা শাসক অরুপ দেব জানিয়েছেন সন্ধ্যা পর্যন্ত এই মহকুমায় ১৫টি শিবির খোলা হয়েছে। তাতে

২৩২টি পরিবারের প্রায় ১০০০ মানুষ আশ্রয় নিয়েছে। সিপাহীজলা জেলার জেলাশাসক ডক্টর সিদ্ধার্থ শিব জসওয়াল জানিয়েছেন, সার্বিক পরিস্থিতির উপর জেলা প্রশাসন নজর রাখছে। সিভিল ডিফেন্স, ডিজেস্টার ম্যানেজমেন্ট, পুলিশের পাশাপাশি TSR -এর মোট ৩টি বাহিনী গোটা সিপাহীজলা জেলায় মোতায়েন রয়েছে বন্যা পরিস্থিতি মোকাবেলায়।

*****************************

**Flood-Gomoti :**

আমাদের গোমতি জেলার প্রতিনিধি জানিয়েছেন, গোমতী নদীর জল বিপদ সীমার উপর দিয়ে বইছে। এরফলে নতুনবাজার, যতনবাড়ি, অমরপুর ও উদয়পুর মহকুমায় নিচু এলাকাগুলি জলমগ্ন হয়ে আছে। ঐ সমস্ত এলাকার মানুষজনকে ত্রাণ শিবিরে আশ্রয় দেওয়া হয়েছে। গোমতি জেলায় এখন পর্যন্ত ত্রাণ শিবির খোলা হয়েছে ৬৮টি। জেলা প্রশাসন পরিস্থিতির উপর নজর রাখছে। জেলার প্রত্যেকটি ব্লক এলাকায় একটি করে বিপর্যয় মোকাবিলা সহায়ক কেন্দ্র খোলা হয়েছে।

*****************************

**Flood-South :**

আমাদের দক্ষিণ জেলার প্রতিনিধি জানিয়েছেন, বন্যার ফলে বিলোনিয়া মহকুমা সহ দক্ষিণ জেলার বিস্তীর্ণ অঞ্চল এখনো জলমগ্ন রয়েছে। এখন পর্যন্ত বিলোনিয়া মহকুমার ২২টি শিবিরে ১৫০০-র বেশি পরিবারের লোকজন আশ্রয় নিয়েছে।

বন্যা পরিস্থিতি মোকাবিলায় বিলোনিয়ার মহকুমা প্রশাসন সহ গোটা দক্ষিণ জেলা প্রশাসন সক্রিয়ভাবে কাজ করছে। সাব্রুমের মহকুমা শাসক

শিবজ্যোতি দত্ত জানান, এই মহকুমায় ১৭টি শিবিরে ৪০০ পরিবার আশ্রয় নিয়েছে। প্রশাসন পরিস্থিতির উপর নজর রাখছে। আজ সন্ধ্যার পর শান্তিরবাজার পুর পরিষদের কিছু এলাকা জলমগ্ন হয়ে পড়ে। শান্তিরবাজারের মহকুমা শাসক অভেদানন্দ বৈদ্য জানান, শান্তিরবাজারে ২০টি আশ্রয় শিবির আজও চালু রয়েছে। এদিকে, জোলাইবাড়ি এলাকার বন্য পরিস্থিতি উন্নতি হয়েছে। জেলায় বন্যাদূর্গত মানুষদের উদ্ধার ও সহযোগিতা চালিয়ে যাচ্ছেন জেলা বিপর্যয় মোকাবিলা কর্তৃপক্ষের স্বেচ্ছাসেবক ও টিএসআর নবম বাহিনীর জওয়ানরা।

****************************

**BJP & Congress Helpline :**

বন্যা পরিস্থিতিতে প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য দলীয়ভাবে জেলাভিত্তিক হেল্পলাইন খোলার নির্দেশ দিয়েছেন। তাছাড়া বন্যা দুর্গত জনগণকে সহায়তা করার জন্য দলীয় কর্মীদের নির্দেশ দিয়েছেন।

এদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি আশীষ সাহাও কংগ্রেসের সমস্ত জেলা, ব্লক স্তরের কার্যকর্তাগণকে অনুরোধ করেছেন বন্যা দুর্গত লোকজনকে যথাযথভাবে সহায়তা করার জন্য।

**************************

**State School Judo :**

রাজ্যভিত্তিক স্কুল জুডো প্রতিযোগিতার অনুর্ধ্ব ১৪ বালক এবং বালিকা বিভাগে উত্তর জেলা দাপট দেখিয়েছে। বাধার□াটের জুডোর ইন্ডোর হল-এ অনুষ্ঠিত আসরের উভয় বিভাগে তিনটি করে স্বর্ণপদক জয় করে ওই জেলার জুডোকাররা। অনুর্ধ ১৪ বালকদের ৩০ কেজি বিভাগে গুনে চাকমা,

৩৫ কেজি বিভাগে জাবেদ চাকমা এবং ৫০ কেজি বিভাগে জ্যামসন রিয়াং, অপরদিকে বালিকা বিভাগে ৩০ কেজি বিভাগে সিয়ামি চাকমা, ৪৪ কেজি বিভাগ রোশনি চাকমা এবং ৪৪ কেজি ঊর্ধ্ব বিভাগে কৃষ্ণা চাকমা স্বর্ণ পদক পায়। আগামীকাল তিনদিন ব্যাপী আসর শেষ হবে।

**************************

**Weather :**

আগামী ২৪ □ন্টায় রাজ্যের দক্ষিণ, পশ্চিম, সিপাহীজলা এবং খোয়াই জেলায় ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সর্তকতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া বাকি জেলাগুলিতেও ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। আজ সকাল সাড়ে আটটা থেকে সন্ধ্যা ৫টা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ১৪৫ মিলিমিটার। আগামীকাল সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫ দশমিক ২ ডিগ্রী সেলসিয়াস।

******************************